23

ভোরের কাগজ

তারিখ 05 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৬

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচি ঘোষণা

জা. ন. প্রতিনিধি : ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচি ঘোষণা করা হয়েছে।

১৪ জুন থেকে ২৫ জুন পর্যন্ত প্রতিদিন দুই শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত প্রথম শিফট এবং বেলা ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত দ্বিতীয় শিফট:

| ইউনিটের নাম ও তারিখ | প্রথম শিফট (সকাল ১০টা থেকে বেলা ১টা) | দ্বিতীয় শিফট (বেলা ২টা থেকে বিকেল ৫টা) |
|---|---|---|
| 'ঘ' ইউনিট (প্রাণ বিজ্ঞান ইনস্টিটিউট) | | |
| ১৪ জুন, বুধবার | ক্রমিক ১ থেকে ২৬৪৪ পর্যন্ত | ক্রমিক ২৬৪৫ থেকে ৫২৬২ পর্যন্ত |
| ১৫ জুন, বৃহস্পতিবার | ক্রমিক ৫২৬৩ থেকে ৭৮৭১ পর্যন্ত | ক্রমিক ৭৮৭২ থেকে ১১২০০ পর্যন্ত এবং ১৮৮২, ৩২৭৮, ৫০২৮, ৬৪৫৭, ৬৮০৮, ৯৩৫৭ ও ৯৬১৩ |
| 'ক' ইউনিট (পদার্থ ও গাণিতিক অনুষদ) | | |
| ১৭ জুন, শনিবার | ক্রমিক ১ থেকে ৩৪০০ পর্যন্ত | X |
| ১৮ জুন, রোববার | ক্রমিক ৩৪০১ থেকে ৮৪০০ পর্যন্ত | X |
| ১৯ জুন, সোমবার | ক্রমিক ৮৪০১ থেকে ১১৮০০ পর্যন্ত এবং ১৯১, ১৪৪৮, ৪৯৯৩, ৭৮৭৮, ৮৪২৩, ৯২১৮, ৯৪৫৩, ১১৩৮৪ ও ১১৭৭১ | X |
| 'গ' ইউনিট (কলা ও মানবিকী অনুষদ) | | |
| ২০ জুন, মঙ্গলবার | ক্রমিক ১ থেকে ৩৩২৪ পর্যন্ত | ক্রমিক ৩৩২৫ থেকে ৬৫৯১ পর্যন্ত |
| ২১ জুন, বুধবার | ক্রমিক ৬৫৯২ থেকে ১০৩৬৫ | X |
| 'খ' ইউনিট (সমাজ বিজ্ঞান অনুষদ) | | |
| ২২ জুন, বৃহস্পতিবার | ক্রমিক ১ থেকে ৩০০০ পর্যন্ত | ক্রমিক ৩০০১ থেকে ৬০০০ পর্যন্ত |
| ২৪ জুন, শনিবার | ক্রমিক ৬০০১ থেকে ৯০০০ পর্যন্ত | ক্রমিক ৯০০১ থেকে ১২০০০ পর্যন্ত |
| ২৫ জুন, রোববার | ক্রমিক ১২০০১ থেকে অবশিষ্ট এবং এ লেভেলের ২০১৪, ১২৭০ ও ১৩৬৯০। | X |

বিশেষ জ্ঞাতব্য : পরীক্ষার পূর্বের দিন অথবা পরীক্ষার দিন পরীক্ষা আরম্ভের পূর্বেই সংশ্লিষ্ট ইউনিট কার্যালয় থেকে পরীক্ষার আসন কোথায় পড়েছে- সে সম্পর্কে জেনে নেওয়ার জন্য সকল পরীক্ষার্থী/পরীক্ষার্থীনীদেরকে পরামর্শ দেওয়া হয়েছে।

উল্লেখ্য যে, সম্পূর্ণ আবাসিক এই বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষাবর্ষের ৬৫০টি আসনের জন্য সর্বমোট ৪৩,৭১৬ জন পরীক্ষার্থী আবেদনপত্র জমা দিয়েছে। প্রতিটি আসনের জন্য প্রায় ৭০ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেবে। জানা গেছে, প্রাণ বিজ্ঞান ইনস্টিটিউটের ফার্মেসি বিভাগে ভর্তির জন্য প্রতিটি আসনের জন্য প্রায় ৩০০ জন পরীক্ষার্থী আবেদন করেছে। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকদের যাতায়াতের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কোনো প্রকার যানবাহনের ব্যবস্থা করা হবে না বলে সিদ্ধান্ত গৃহীত হওয়ায় অনেক পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকরা বিষয়টি পুনর্বিবেচনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করেছেন।